তারিখ 08 SEP 1992
পৃষ্ঠা ১ কলাম ৮

দৈনিক সংবাদ

23

# শিক্ষাঙ্গনে হত্যাকাণ্ডের সাথে জড়িতদের গ্রেপ্তারের নির্দেশ

## স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতি প্রধানমন্ত্রী

।। কাশেম হুমায়ূন ।।

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ঢাকা বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য শিক্ষাঙ্গনে সাম্প্রতিক কয়েকটি হত্যাকান্ডের সাথে জড়িতদের অবিলম্বে গ্রেফতার করার জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে নির্দেশ দিয়েছেন বলে নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে।

সূত্রটি জানান, গতকাল রোববার গভীর রাত পর্যন্ত প্রধানমন্ত্রী কয়েকজন সিনিয়র মন্ত্রীর সাথে শিক্ষাঙ্গনের পরিস্থিতি নিয়ে পর্যালোচনা করেন। এই বৈঠকে তিনি অবিলম্বে শিক্ষাঙ্গনের সাম্প্রতিক কয়েকটি হত্যাকান্ডের সাথে জড়িতদের দ্রুত গ্রেফতারের জন্য স্বরাষ্ট্রমন্ত্রী আবদুল মতিন চৌধুরীকে নির্দেশ দেন। অন্যদের মধ্যে সেচ, পানি সম্পদ বন্যা নিয়ন্ত্রণ ও কৃষিমন্ত্রী মজিদ-উল হক, স্থানীয় সরকারমন্ত্রী ব্যারিস্টার আবদুস সালাম তালুকদার, শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরুদ্দিন সরকার এবং পূর্তমন্ত্রী ব্যারিস্টার রফিকুল ইসলাম মিয়া এ সময় উপস্থিত ছিলেন।

জাতীয়তাবাদী ছাত্রদলের অভ্যন্তরীণ কোন্দলের জের হিসেবে ঢাকা বিশ্ব-বিদ্যালয়ে সংগঠনের দু'কর্মী মাহমুদ ও মামুনের হত্যাকান্ডের প্রেক্ষিতে উদ্ভূত পরিস্থিতি গত রোববার রাতে পর্যালোচনার সময় প্রধানমন্ত্রী শিক্ষাঙ্গনে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার ওপর গুরুত্বারোপ করেন। এ সময় প্রধানমন্ত্রী তার কয়েকজন সহকর্মীকে বলেন যে, শিক্ষাঙ্গনকে যেকোন মূল্যে সন্ত্রাসমুক্ত করে শিক্ষা ও গবেষণামূলক কাজের পরিবেশ ফিরিয়ে আনতে হবে।

এই বৈঠকে প্রধানমন্ত্রী ছাত্রদলের কেন্দ্রীয় কমিটি বিলুপ্ত এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের কর্মকান্ড স্থগিত রাখার সিদ্ধান্তের কথা তার সহকর্মীদের

শিক্ষাঙ্গন ঃ পৃঃ ১২ কঃ ৭

### শিক্ষাঙ্গন ঃ স্বরাষ্ট্রমন্ত্রণালয়ের প্রতি প্রধানমন্ত্রী

(১ম পাতার পর)

জানান।

সূত্রটি আরো জানান, প্রধানমন্ত্রী শিক্ষাঙ্গনে সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার লক্ষ্যে জরুরী ভিত্তিতে কিছু পদক্ষেপ নেয়ার জন্য শিক্ষাসহ আরো কয়েকটি মন্ত্রণালয়কে নির্দেশ দেন।

### বহিরাগতদের হলে থাকতে দেয়া হবে না

সরকারের নীতি নির্ধারকরা প্রধান-মন্ত্রীকে পরামর্শ দিয়েছেন যে, শিক্ষাঙ্গন সন্ত্রাসমুক্ত করার লক্ষ্যে সর্বপ্রথম বহিরাগতদের হলে প্রবেশ বন্ধ করতে হবে। ১৯৭৩ সালে বিশ্ববিদ্যালয়গুলোকে স্বায়ত্তশাসন দিয়ে যে অধ্যাদেশ জারি করা হয়েছে তা সঠিকভাবে কার্যকর হলে হলগুলোতে বহিরাগতদের প্রবেশ বন্ধ করা যাবে। এই অধ্যাদেশে আবাসিক ছাত্রদের পরিচয়পত্র দেখিয়ে হলে প্রবেশ ও উপস্থিতি গণনার (রোলকল) বিধান রয়েছে।

সার্বিক অবস্থা বিবেচনা করে শিক্ষা মন্ত্রণালয় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের হলগুলোর প্রভোস্ট ও হাউস টিউটরদের আবাসিক ছাত্রদের পরিচয়পত্র দেখিয়ে হলে প্রবেশ ও উপস্থিতি গণনা নিশ্চিত করার নির্দেশ দেবে বলে উক্ত সূত্রে জানা গেছে।

### ছাত্রদলের কমিটি শিগগির হচ্ছে না

সূত্রটি জানান, খুব শিগগির জাতীয়-তাবাদী ছাত্রদলের নয়া কেন্দ্রীয় কমিটি গঠনের কোন সম্ভাবনা নেই। কমিটি গঠনের আগে ছাত্রদল থেকে কিছু চিহ্নিত সন্ত্রাসীকে বহিষ্কার করা হবে। এই কমিটি গঠন করতে বেশ কয়েক মাস লাগবে।